



“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-৩  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৫১.১৭-০৪

তারিখঃ ২১ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
০৫ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন গোলনা ইসলামিয়া ফাজিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব হোসাইন আহমাদ এর নিয়োগ, গভর্নিং বডি গঠন ও অন্যান্য বিষয় নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনে করণীয় সম্পর্কে DG, DME কর্তৃক TMED-এর নিকট নির্দেশনা।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৮.১৮.১০৬২, তারিখ-০৭.১২.২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন গোলনা ইসলামিয়া ফাজিল মাদ্রাসার প্রভাষক জনাব হোসাইন আহমাদকে জ্যেষ্ঠতার বিধি লংঘনক্রমে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানসহ তাঁর বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে জেলা প্রশাসক, নীলফামারী কর্তৃক তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করা হয়। জেলা প্রশাসক, নীলফামারী কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনে নিম্নরূপ মতামত/সুপারিশ প্রদান করা হয়েছে:

- (১) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ০১/১১/২০১৭ তারিখের স্মারক ইআবি/রেজি/প্রশা/২০১৫/৪০৭৩ এর অফিস আদেশের ২ ও ৪ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রতিষ্ঠানটির জ্যেষ্ঠতম শিক্ষককে দায়িত্ব দেয়া যেতে পারে।
- (২) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক নতুন কমিটি গঠন করে প্রতিষ্ঠানটির পাঠদানসহ সার্বিক কার্যক্রম গতিশীল করা এবং শিক্ষক-কর্মচারীগণের বেতন ও উৎসব ভাতা প্রদান করা যেতে পারে।
- (৩) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত কমিটি গঠন করে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব হোসাইন আহমেদ এর বিরুদ্ধে মাদ্রাসার জমির আয়-ব্যয়, মাদ্রাসার দোকান ভাড়া, সেশন ফি, রেজি: ফি, সাময়িক ও বাৎসরিক পরীক্ষার ফি এবং বিভিন্ন ধরনের আর্থিক বিষয়ে উত্থাপিত বিভিন্ন অনিয়ম ও অভিযোগের তদন্ত করা যেতে পারে।

০২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা (২৩ নভেম্বর ২০২০ সংশোধিত) ২০১৮'র ১৭.৪ অনুচ্ছেদে উল্লেখ আছে-

“ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান বেতন-ভাতাদি বিলে যৌথভাবে স্বাক্ষর করবেন। নিয়মিত কমিটি/এডহক কমিটির অবর্তমানে জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরের মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির স্থলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তাঁর অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন।”

০৩। জনবল কাঠামো এমপিও নীতিমালা (২৩ নভেম্বর ২০২০ সংশোধিত) ২০১৮'র অনুচ্ছেদ ১৭.৪ এর নির্দেশনা অনুযায়ী মাদ্রাসার বেতন-ভাতাদি (এমপিও) উত্তোলনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জেলা প্রশাসক, নীলফামারীকে পরামর্শ দেয়া যেতে পারে। জেলা প্রশাসক, নীলফামারীর তদন্ত প্রতিবেদনের মতামতের প্রেক্ষিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের একজন অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তার মাধ্যমে তদন্তপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে মর্মে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নিকট প্রতীয়মান হয়।

০৪। উল্লিখিত বিষয়ে মহোদয়ের সদয় নির্দেশনা/সিদ্ধান্ত প্রদানের জন্য DG, DME কর্তৃক বিবেচাপত্রের মাধ্যমে TMED-কে অনুরোধ জানানো হয়েছে।

০৫। এক্ষণে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপরিউক্ত প্রদত্ত মতামতের প্রেক্ষিতে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে:


(ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৭.৪ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী মাদ্রাসার বেতন ভাতাদি (এমপিও) উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, নীলফামারীকে পত্র প্রেরণ;

চন্দ্রমণ্ডল

(খ) নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন গোলনা ইসলামিয়া ফাজিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব হোসাইন আহমেদ এর বিরুদ্ধে মাদ্রাসার জমির আয়-ব্যয়, মাদ্রাসার দোকান ভাড়া, সেশন ফি, রেজি: ফি, সাময়িক ও বাৎসরিক পরীক্ষার ফি এবং বিভিন্ন ধরনের আর্থিক বিষয়ে উত্থাপিত বিভিন্ন অনিয়ম ও অভিযোগের বিষয়সমূহ তদন্ত করার জন্য DME -এর কর্মকর্তা দ্বারা তদন্তক্রমে DG, DME-এর মতামতসহ (অভিযোগ প্রমাণিত কিংবা অপ্রমাণিত এ বিষয়ে মতামতসহ) তথ্য প্রেরণ;

(গ) গভর্নিং বডি সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য DG, DME কর্তৃক রেজিস্ট্রার, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়কে পত্র প্রেরণ।

০৬। এমতাবস্থায়, উপরিউক্ত মতে (অনুচ্ছেদ-৫ এ বর্ণিত) ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ২০.০১.২০২১ তারিখের মধ্যে টিএমইডিকে অবিহত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

  
(সৈয়দ আসগর আলী) ০৭/০১/২০২১  
সহকারী সচিব (মাদ্রাসা-৩)  
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিসকপি/মাস্টারকপি।